

বাংলাদেশ পর্যটন করপোরেশন
প্রশাসন শাখা

...

সভাপতি	আখতারুজ্জামান খান কবির চেয়ারম্যান
সভার তারিখ	১৮-০৪-২০১৯
সভার সময়	সকাল : ১০:৩০ মিনিট
স্থান	সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত বাংলাদেশ পর্যটন করপোরেশনের বিদ্যমান নৈতিকতা কমিটির ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ-১৯) সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম সূচনা করেন। অতঃপর তিনি বাপক কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা, ২০১৮-২০১৯ ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯ এর নির্ধারিত ১১ টি বিষয়ে ধার্যকৃত লক্ষ্যমাত্রা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতির বিষয়ে বিভাগ/শাখাওয়ারী পর্যালোচনা করেন। এ পর্যায়ে সভাপতির অনুমতিক্রমে শুদ্ধাচার কমিটির ফোকাল পয়েন্ট ও মহাব্যবস্থাপক, প্রশাসন গত ১৮-১২-২০১৮ তারিখ অনুষ্ঠিত ২য় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করেন। উপস্থিত বিভাগীয় প্রধানগণ তাঁদের স্ব স্ব বিভাগের বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরে বক্তব্য রাখেন।

২.০ সভাপতি জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯ এর ৩য় কোয়ার্টারে (জানুয়ারি-মার্চ-১৯) ধার্যকৃত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত সার্বিক বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৩.০ সিদ্ধান্ত :

(১) নৈতিকতা কমিটির সভায় মাসিক সমন্বয় সভার ন্যায় বাস্তবায়ন অগ্রগতির তথ্য সম্বলিত প্রতিবেদন উপস্থাপন করতে হবে ;

(২) বাংলাদেশ পর্যটন করপোরেশন কর্তৃক আগামী ৩০-৪-১৯ থেকে ৬-০৫-২০১৯ পর্যন্ত পর্যটন সেবা সপ্তাহ পালন করা হবে। এ বিষয়ে বাণিজ্যিক বিভাগ ব্যবস্থা গ্রহণ করবে ;

(৩) তথ্যপ্রযুক্তির ব্যবহার করে অনলাইনে গণশুনাগী গ্রহণ করা যায় কিনা, সে বিষয়ে আইসিটি বিভাগ পরীক্ষা/নিরীক্ষা করে প্রতিবেদন দাখিল করবে ;

(৪) বাপক কর্তৃক আয়োজিত সভাগুলোতে যথাসময়ে উপস্থিতি নিশ্চিত করতে হবে ;

(৫) জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের নীতিমালা অনুযায়ী বাপক-এর কর্মকর্তা/কর্মচারীদের চলতি অর্থ বছরে

(২০১৮-২০১৯) শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে ;


(৬) আগামী ৩০ এপ্রিল ২০১৯ তারিখের মধ্যে বাপক-এর উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে ।

২.০ সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আখতারুজ্জামান খান কবির
চেয়ারম্যান

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ২) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (ডিএফও) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৩) অধ্যক্ষ (এনএইচটিআই), মহাব্যবস্থাপক (অধ্যক্ষ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৪) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (বিপণন) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৫) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৬) মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), মহাব্যবস্থাপক (পূর্ত) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৭) ব্যবস্থাপক, জনসংযোগ বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৮) ব্যবস্থাপক, ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিট, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৯) ব্যবস্থাপক, পূর্ত বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১০) ব্যবস্থাপক, পরিকল্পনা-১ শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১১) ব্যবস্থাপক (অর্থ ও হিসাব), অর্থ ও হিসাব বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১২) ব্যবস্থাপক, অডিট শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৩) সহকারী নির্বাহী কর্মকর্তা, আইসিটি বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৪) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৫) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৬) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৭) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন



রমেন্দ্র নাথ মন্ডল

উপব্যবস্থাপক